# Kumudini Bulletin

Kumudini CARES

**January - April : 2023**

কুমুদিনী বুলেটিন

(জানুয়ারি - এপ্রিল : ২০২৩)


পয়লা জানুয়ারি

## শহীদ ভবানী প্রসাদ সাহার ৭৮তম জন্মবার্ষিকী ও ভারতেশ্বরী হোম্‌সে বই বিতরণ উৎসব

1st January

## 78th Birth Anniversary of Shaheed Bhabani Prasad Shaha & Book Distribution Ceremony at Bharateswari Homes



*Celebration of 78th birth anniversary of Shaheed Bhabani Prasad Shaha.*

১লা জানুযারি। বছরের প্রথম দিন। দিবসটি ভারতেশ্বরী হোম্‌স তথা কুমুদিনী কমপ্লেক্সে এক ভিন্ন আঙ্গিকে পালিত হয়। প্রতিবারের মতো এবারেও গভীর শ্রদ্ধা ও আনন্দের সাথে পালিত হয়েছে শহীদ ভবানী প্রসাদ সাহার জন্ম দিনটি। এবার ছিল তাঁর ৭৮তম জন্মবার্ষিকী।
ভবানী প্রসাদ সাহার ডাক নাম রবি। ১৯৪৪ সালের ১লা জানুয়ারি রবির জন্ম হয় পিতা দানবীর রণদা প্রসাদ সাহা ও মাতা কিরণবালা দেবীর কোল আলো করে।
জন্মদিন উপলক্ষ্যে ভারতেশ্বরী হোম্‌স প্রাঙ্গণে আয়োজন করা হয় এক আনন্দঘন সমাবেশের। এই আনন্দ সমাবেশে প্রধান অতিথি হয়ে এসেছিলেন শহীদ ভবানী প্রসাদ সাহার স্ত্রী শ্রীমতী সাহা। যোগ দিয়েছিলেন তাঁর পুত্রবধু শম্পা সাহা, হোম্‌সের অধ্যক্ষা মন্দিরা চৌধুরী প্রমুখ। বিশেষ অতিথি ছিলেন সকলের বড়মা সর্বজন শ্রদ্ধেয়া প্রতিভা মুৎসুদ্দি।
দাদুর প্রতি শ্রদ্ধা নিবেদন করে বক্তব্য রাখে নাতি রুদ্র, নাতনী ঋদ্ধি ও রাহী। যদিও তারা দাদুকে দেখেনি তবু কুমুদিনীর সকল কাজে তারা দাদুকে উপলব্ধি করে–তিনজনের বক্তব্যে এই আবেগটিই প্রকাশ পায়। জন্মদিনের কেক কেটে শুভ জন্মদিনটি উদ্‌যাপিত হয়।

Like in every other year birth anniversary of Shaheed Bhabani Prasad Shaha was celebrated on 1 January with a lot of enthusiasm and joy. It was his 78th birth anniversary.

The celebration was held at the premises of Bharateswari Homes. Mrs Srimati Shaha wife of late Bhabani Prasad Shaha was the chief guest while Ms Protiva Mutsuddy was the special guest on the occasion. The other guests included his daughter-in-law Mrs Shampa Shaha and the Principal of Bharaeswari Homes Mrs Mondira Chowdhury.



*Special food is being served to the patients of Kumudnin Hospital on this day.*

দিবসটি উদ্‌যাপনের পাশাপাশি ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীরা আরেক আনন্দে মেতে ওঠে। এই বিশেষ দিনটিতে ছাত্রীদের হাতে তুলে দেয়া হয় নতুন ক্লাশের নতুন বই। বই বিতরণের এই দিনটির সঙ্গে যুগপৎ তাদের রবিদা'র জন্মদিন উদ্‌যাপনের অনুষ্ঠানটি একাকার হয়ে এক অবর্ণনীয় আনন্দের অবতারণা করে। গভীর শ্রদ্ধা আর ভালোবাসায় তারা রবিদা-কে স্মরণ করে।

উল্লেখ্য, বিশেষ এই দিনে ছাত্রীদের হাতে নতুন ক্লাসের বই তুলে দিয়ে প্রধান অতিথি শ্রীমতী সাহা দিনটিকে শিক্ষার্থীদের জন্য একটা সেরা দিন হিসাবে বর্ণনা করেন। ছাত্রীদের উদ্দেশ্যে তিনি বলেন, নতুন বইয়ের গন্ধ শুঁকে তোমরা ফুলের মতো প্রস্ফুটিত হবে এবং সেই সাথে তোমাদের জেঠামনি ও রবিদা-র আদর্শে উজ্জীবিত হবে।

হোম্‌সের উপদেষ্টা শম্পা সাহা বলেন, ভারতেশ্বরী হোম্‌সে পড়াশোনা করে তোমরা বিকশিত হও, মানুষের মতো মানুষ হও। বিশেষ অতিথি প্রতিভা মুৎসুদ্দি ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, আজকের শিশু আগামী দিনের কর্ণধার, তোমরাই পারবে দেশকে এগিয়ে নিতে। ●

Three grandchildren of Shaheed Bhabani Prasad Shaha namely Rudra, Reedhi and Rahi also participated in the discussion. Though none of them had seen him they were all very emotional while speaking about their grandfather.

As part of the celebration new text books were distributed among the students of Bharateswari Homes. Mrs Srimati Shaha handed over new books to the students. While doing so she reminded the students to grow up with the principles followed by R P Shaha and his son Bhabani Prasad Shaha. ●



*Text books for new session are being handed over to the students of Bharateswari Homes.*

# শহীদ ভবানী প্রসাদ সাহার নামে সরকারি কলেজ

রাষ্ট্রপতির আদেশক্রমে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত এক প্রজ্ঞাপন বলে মির্জাপুর সরকারি কলেজ-এর নাম “শহীদ ভবানী প্রসাদ সাহা সরকারি কলেজ” নামকরণ করা হয়েছে। প্রজ্ঞাপনের স্মারক নম্বর : ৩৭.০০.০০০০.০৬৯.৯৯.০০২.১৯.২০৭ তারিখ : ১৩ ফেব্রুয়ারি ২০২৩। ১৯৭০ সালে প্রতিষ্ঠিত এই কলেজটি ২০১৮ সালে সরকারিকরণ করা হয়। প্রজ্ঞাপন জারির তারিখ থেকে কলেজটি এই নতুন নামে অভিহিত হলো। ●



*Shaheed Bhabani Prasad Shaha Government College.*

# Govt College named after Shaheed Bhabani Prasad Shaha

By order of the Honorable President and through a notification issued by the Ministry of Education Mirzapur Govt College has been named as “Shaheed Bhabani Prasad Shaha Govt College”. The notification number is: 37.00.0000.069.99.002.19.207 dated 13 February 2023. Th college was established in 1970 and it had been made a govt college in 2018. The college will be known by the new name from the date of publication of the notification. ●

## Activities of Kumudini Nursing College



*First-hand training of nursing students of Kumudini Nursing College.*






*Inauguration of Histopathology Lab at Kumudini Hospital.*

# শহীদ ভবানী প্রসাদ সাহা : এক অসমাপ্ত জীবন কাহিনী

কুমুদিনী হাসপাতালের সম্মুখ দেয়ালে চিত্রিত জ্বল জ্বল করা দু'টি ম্যুরাল অতিথি-অভ্যাগতদের যেন আমন্ত্রণ জানিয়ে বলছে,–তোমাদের সেবা দিতে আমরা অতন্দ্র প্রহরী হয়ে জেগে আছি। ছবি দু'টি আমাদের স্বাধীনতা যুদ্ধের যুগল শহীদ মানব দরদী দুই ক্ষণজন্মা পুরুষের। তাঁদের একজন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা প্রচার বিমুখ মহাপুরুষ দানবীর রণদা প্রসাদ সাহা, অপরজন তাঁরই প্রাণপ্রিয় পুত্র ভবানী প্রসাদ সাহা ওরফে রবি। মানবতার সেবা করাই ছিল যাঁদের জীবনের ব্রত। আলোচ্য নিবন্ধটি ভবানী প্রসাদকে নিয়ে।



*Shaheed Bhabani Prasad Shaha*
*(1 January 1944- 7 May 1971)*

ভবানী প্রসাদের জন্ম ১৯৪৪ সালের ১লা জানুয়ারি অবিভক্ত ভারতবর্ষের কোলকাতার শোভাবাজারে। তার পিতা রণদা প্রসাদ সাহা এবং মাতা কিরণবালা সাহা। ভবানী প্রসাদের জন্ম বছরটি আরেক কারণেও স্মরণীয়। এ বছরই মানবতার কল্যাণে অসামান্য অবদানের জন্য পিতা রণদা প্রসাদ সাহা 'রায় বাহাদুর' উপাধিতে ভূষিত হন। তদানীন্তন বাংলার গভর্নর লর্ড আর জি কেসি একই বছর কুমুদিনী হাসপাতালের শুভ উদ্বোধন করেন। ১৯৪৪ সালটি ছিল কুমুদিনীর জন্য শুভসূচক স্বরূপ। রবির প্রাথমিক শিক্ষা শুরু হয় শোভাবাজারের উপেন্দ্র বিদ্যামন্দিরে। সাত বছর বয়সে তাকে ভর্তি করা হয় দার্জিলিং এর সেন্ট পল্স স্কুলে। সেখানে থেকে তিনি সিনিয়র কেমব্রিজ পাশ করেন।

সেন্ট পল্স স্কুলটি দার্জিলিংয়ে ড. জাকির হোসেন রোডের জ্বালা পাহাড়ে অবস্থিত। জন উইলিয়াম রিকেটস নামে এক অ্যাংলোইন্ডিয়ান সাহেব ১৮২৩ খ্রিস্টাব্দে এটি প্রতিষ্ঠা করেন। ব্যয়বহুল এই স্কুলটি কেবলমাত্র ছেলেদের জন্য স্থাপিত হয়। এটি একটি আবাসিক বিদ্যালয়। এখানে লেখাপড়ার বাইরে যেসব কো-কারিকুলার কার্যক্রম অনুসৃত হয় তা একজন ছাত্রের উন্নত চরিত্র গঠনে এবং তাকে জীবনের সর্বক্ষেত্রে পারদর্শী হতে সুদূর প্রসারী ভূমিকা রাখতে সহায়ক। এখানে স্পোর্টস, কনসার্ট, সঙ্গীত, নৃত্য, নাটক, ভাষা চর্চা, বক্তৃতা শেখা থেকে শুরু করে ছাত্রদের প্রতিভা বিকাশে যাবতীয় আয়োজন অত্যন্ত নিষ্ঠার সঙ্গে পালন করা হয়। পিতা রণদা প্রসাদ স্কুলটির কর্মকাণ্ড সম্পর্কে আগে থেকেই অবহিত ছিলেন। রবি-কে স্কুলে ভর্তি করার সময় স্কুলের প্রিন্সিপাল তাঁকে আশ্বস্ত করে বলেছিলেন, 'আর পি, তোমার ছেলেকে আমরা এমন করে গড়ে দেবো যাতে জীবনে স্বাবলম্বী হতে কোনোদিন ওকে অন্যের মুখাপেক্ষী হতে না হয়। জীবনের প্রতিটি ক্ষেত্রে সে সফল হবে।

স্কুলে লেখাপড়া ও অন্যান্য কর্মকাণ্ড ঠিকমতোই চলছিল। একদিন কিশোর রবি সেখানে এক দুঃসাহসিক কাণ্ড ঘটিয়ে বসে। বাবা রণদা প্রসাদ প্রতি অভিভাবক দিবসে ছেলের সঙ্গে দার্জিলিং দেখা করতে যেতেন। একবার তিনি সেখানে গিয়ে শুনলেন এই গল্পটি।

সাঁতার শিখতে গিয়ে দেহের ভারসাম্য রক্ষা করতে না পেরে স্কুলের ষষ্ঠ/সপ্তম শ্রেণির এক ছাত্র জলে হাবুডুবু খাচ্ছিল। এই দৃশ্য দেখে রবি তৎক্ষণাৎ জলে ঝাঁপ দিয়ে ছেলেটিকে উদ্ধার করে। শিক্ষকদের কাছে এই গল্প শুনে পিতা মনে মনে গর্বিত হন কিন্তু তিনি ভয় পেয়েছেন এমন ভাব করে শঙ্কিত কণ্ঠে ছেলের কাছে জানতে চাইলেন, 'তুমি আমার সন্তান হয়ে কেন এমন ঝুঁকি নিলে, যদি ডুবে যেতে'?

রবির উত্তর, 'আমি তো সাঁতার জানি, বাবা। যদি সময় মতো ছেলেটিকে উদ্ধার করতে না পারতাম তবে ও-তো মারাই যেত'!

পুত্রের এমন দৃঢ়তা দেখে রণদা প্রসাদ আবেগে আপ্লুত হন। ঠিক তখনই তাঁর মনে পড়ে যায় নিজের কিশোর বয়সে ঘটে যাওয়া হাওড়া স্টেশনের একটি ঘটনার কথা। তখন তিনি হাওড়া স্টেশনে খবরের কাগজ বিক্রি করতেন। একদিন জনতার শোরগোল শুনে তিনি এগিয়ে গিয়ে দেখতে পান একটি শিশু বিপদজনক অবস্থায় রেললাইনে পড়ে কাঁদছে। তখন দূর থেকে ঝড়ের গতিতে ছুটে আসছিল একটি ট্রেন। হাতের পত্রিকাগুলো একদিকে ছুঁড়ে ফেলে দিয়ে নিজের জীবনের পরোয়া না করে বিপদাপন্ন শিশুটিকে উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে যান। শিশুটি তো বটেই, সেদিন রণদা প্রসাদের প্রাণটিও অল্পের জন্য রক্ষা পায়। যাই হোক, রবির দুঃসাহসিক উদ্ধার কাজে পিতার বুক সেদিন আনন্দে ভরে গিয়েছিল। তিনি ছেলেকে বুকে জড়িয়ে ভবিষ্যৎ ভরসার জায়গা খুঁজে পেয়েছিলেন।

এ তো গেল রবির ছাত্রজীবনের একটি দুঃসাহসিক ঘটনার কথা। তার কর্মজীবনের একটি দুঃসাহসিক ঘটনার কথাও এখানে উল্লেখ করা যায়। একবার নারায়ণগঞ্জে কুমুদিনীর পাটের গুদামে আগুন লাগে। দুপুর দু'টায় ভেসে আসছিল বিপদ সংকেতের ঘন্টা। রবি তখন ঘরে বিশ্রাম নিচ্ছিলেন। দুর্ঘটনা আঁচ করে কাউকে না জানিয়ে তিনি ঘটনাস্থলে ছুটে যান।

দাউ দাউ করে জ্বলছিল গুদামঘরগুলি। আর পি সাহা অস্থির হয়ে দেবী দুর্গাকে স্মরণ করছেন, 'রক্ষা কর, রক্ষা কর মা'। ইতোমধ্যে ফায়ার ব্রিগেডের কর্মীরা এসে গেছেন। আগুনের লেলিহান শিখাকে কিছুতেই তারা নিয়ন্ত্রণ করতে পারছিলেন না। হোস পাইপে অবিরাম গতিতে জল ছিটানো হচ্ছিল। গুদামের দেয়াল ভেঙে পড়ার আওয়াজ শোনা যাচ্ছিল।

কিন্তু রবি কোথায়, তার তো দেখা নেই। আর পি সাহা অস্থির হয়ে তাঁর এক কর্মীকে রবির খোঁজে পাঠালেন। খবর এলো, রবি ফায়ার ব্রিগেডের কর্মীদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে হোস পাইপ ধরে আগুন নেভানোর কাজে যোগ দিয়েছেন। ছেলের কাণ্ডে পিতার অস্থিরতা বাড়ে। অবশেষে খবর এলো আগুন নিয়ন্ত্রণে এসেছে। রবি ঘরে ফিরেছেন। সবাই বিপদ থেকে হাঁপ ছেড়ে বাঁচলেন। ক্ষতি যা হবার তো হয়েই গেছে। এখন দগ্ধ গুদামগুলোর পুনঃনির্মাণের পালা। কুমুদিনীর গুদামঘরগুলির ইন্স্যুরেন্স করা ছিল না। গুদামগুলোকে পুনরায় গড়ে তুলতে রবি মিস্ত্রিদের সাথে দিনরাত পরিশ্রম করেছেন। এমনই দুঃসাহসী ও পরিশ্রমী ছিলেন রবি।

ইতিহাসের পেছনের দিকে একটু তাকানো যাক।

১৯৪৭ সালে ভারত বিভক্তির পর দেশপ্রেমিক পিতার একান্ত ইচ্ছায় রবি চলে আসেন স্বদেশে, নারায়ণগঞ্জে। প্রসঙ্গত একথা বললে অতিশয়োক্তি হবে না যে, হিন্দু-মুসলমানের সংখ্যা গরিষ্ঠতার ভিত্তিতে বিভক্ত সদ্য সৃষ্ট দু'দেশের সংখ্যালঘুরা যেখানে নিরাপত্তার উদ্দেশ্যে দেশান্তরিত হচ্ছে, সেখানে রণদা প্রসাদ সাহা নিজের ছেলেকে ফিরিয়ে আনেন পূর্ব পাকিস্তানে স্বদেশের কল্যাণ কাজে ব্রতী হবার জন্য। দেশে ফিরে রবি ভর্তি হন ঢাকার ঐতিহ্যবাহী নটরডেম কলেজে। এখান থেকেই উচ্চ মাধ্যমিক বা ইন্টারমিডিয়েট করেন। অতঃপর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইংরেজি বিভাগে অনার্সে ভর্তি হওয়ার সুযোগ পেয়েও তা সম্ভব হয়নি পিতার কর্ম মহাযজ্ঞে নিজেকে সম্পৃক্ত করার জন্য। এমনিতর পরিস্থিতিতে ভবানী প্রসাদ নারায়ণগঞ্জ তুলারাম কলেজে নাইট শিফটে ভর্তি হয়ে ১৯৬৭ সালে স্নাতক ডিগ্রি অর্জন করেন।

পিতা-মাতার আগ্রহে এই বছরই সুদর্শন যুবক ভবানী প্রসাদ সাহার বিয়ের ব্যবস্থা হয়। সিলেট শহরের শেখঘাটে 'লাল ব্রাদার্স হাউজ' খ্যাত অভিজাত পরিবারের বিমলেন্দু দাস ও অরুণিমা দাসের জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী সাহার সঙ্গে তিনি পরিণয় সূত্রে আবদ্ধ হন। সে এক ঐতিহাসিক ঘটনা।

চলবে

# কেপিএল-এর ১৯তম বার্ষিক সেল্স অ্যান্ড মার্কেটিং কনফারেন্স

# 19th Annual Sales & Marketing Conference of KPL




*On arrival at the Conference the Managing Director of KWT Mr Rajiv Prasad Shaha is felicited by offering a floral bouquet.*

গত ২রা মার্চ কক্সবাজারের সমুদ্র সৈকতে অনুষ্ঠিত হলো কুমুদিনী ফার্মা লিমিটেড (কেপিএল)-এর বার্ষিক সেল্স অ্যান্ড মার্কেটিং কনফারেন্স-২০২২। এটি ছিল কেপিএল-এর ১৯তম বার্ষিক কনফারেন্স।

পবিত্র কোরআন, পবিত্র শ্রীমদ্ভগবদগীতা ও পবিত্র ত্রিপিটক থেকে অংশ বিশেষ পাঠের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা অলিক কৃষ্ণ রায় কনফারেন্সের উদ্বোধন করেন এবং স্বাগত ভাষণ দেন। পরে বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের শীর্ষ ব্যক্তি রাজীব প্রসাদ সাহা। তিনি ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক।

বাংলাদেশ ব্যাপী কুমুদিনী ফার্মার ২৯টি অঞ্চলের প্রায় এক হাজার কর্মী কনফারেন্সে অংশ নেন। তাছাড়া উপস্থিত ছিলেন কেপিএল-এর বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

সম্মেলনে কেপিএল ফ্যাক্টরির দীর্ঘদিনের কর্মকর্তা স্টোর অ্যান্ড ভ্যাট ম্যানেজার কালী প্রসন্ন পালের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয় এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনায় দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা তাঁর বক্তৃতায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, সিইও সাহেব আপনাদের দূর-দূরান্ত থেকে একটা ভালো পরিবেশে আমন্ত্রণ করে এনেছেন যাতে আপনারা বিনোদন হিসাবে আনন্দময় সময় কাটাতে পারেন। আমার মনে হয় এর ফলে আপনারা কনফারেন্সে যোগদান করতে পেরে অনুপ্রেরণা লাভ করেছেন। আশা করি কর্মক্ষেত্রে আপনারা আরও উজ্জীবিত হবেন। যে কারণেই হোক কাজ করতে গিয়ে অনেকের মাঝে একটা ঝিমিয়ে পড়া ভাব পরিলক্ষিত হয় যার ফলে আমাদের আশানুরূপ 'গ্রোথ' হয়না। যাই হোক, এই অবস্থা থেকে পরিত্রাণ পেতে ম্যানেজমেন্ট বিভিন্ন ধরণের স্ট্রেটেজি নিয়েছেন। আশা করি আপনারা সেই অনুযায়ী রেজাল্ট দেখাতে সক্ষম হবেন।

সবসময় আপনাদের সাথে আমার একত্রিত হওয়ার সুযোগ হয় না। আপনারা কুমুদিনীর ফার্মাসিউটিক্যালের অংশ। এই ক্ষেত্রে দেশে আমাদের থেকে অনেক বড় বড় কোম্পানি রয়েছে কিন্তু আমাদের কুমুদিনীর একটা আলাদা পরিচিতি রয়েছে। আপনারা নিশ্চয়ই বুঝতে পারেন, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে এ দেশের মানুষ কুমুদিনীর মানব সেবামূলক কাজের জন্য সংস্থাটিকে অন্তরে ধারণ করে আছে। তাই তারা কুমুদিনীর সদস্যকর্মীদের অনেক সম্মানের দৃষ্টিতে দেখে। কেন দেখে? কারণ কুমুদিনীর জনকল্যাণমূলক কাজের একটা ইতিহাস রয়েছে। সেই ইতিহাস একানব্বই বছরের দীর্ঘ ইতিহাস। এই প্রতিষ্ঠানের চালিকাশক্তি হলেন আপনারা।

The 19th Annual Sales & Marketing Conference of Kumudini Pharma Ltd (KPL) was held at Cox's Bazar sea beach on 2 March 2023. The programme was inaugurated with the recitation of verses from the three holy books namely the Quran, the Gita and the Tripitak. The programme was inaugurated by Chief Executive Officer of KPL Mr Alik Krishna Roy. He also delivered the inaugural speech. This was followed by the speech of Mr Rajiv Prasad Shaha the Managing Director of Kumudini Welfare Trust.

Around 1000 employees of KPL representing 29 areas from all over Bangladesh participated in the conference. In addition, officers and employees of different departments of KPL also attended. One minute silence was observed in memory of Store & VAT Manager Late Kali Prashanna Pal who passed away after many years of service with KPL.

In his speech the Managing Director of Kumudini Welfare Trust (KWT) Mr Rajiv Prasad Shaha welcomed all to the beautiful setting at Cox's Bazar. He said that people get stressed working through long hours and for months together and therefore they need to unwind and this conference provides the opportunity in addition to fulfilling the professional requirement. He reminded the participants in the conference of the rich history of Kumudini in the field of healthcare and education. Kumudini had been providing these services to the community for the last 91 years. Kumudini is a total non-communal organization where we do not differentiate people with respect to cast, creed or religion. To us all are equal human beings. This is what that drives Kumudini. He urged all to work hard for the betterment of the organization which in turn will benefit the employees who serve here.



*Mr Rajiv Prasad Shaha, MD of KWT, addressing the 19th Annual Sales & Marketing Conference.*

এই কক্সবাজার শহরে এমন অনেকেই আছেন যারা কোনো-না-কোনো সময় কুমুদিনীর কর্মকাণ্ডের সাথে তা স্বাস্থ্যসেবা, শিক্ষা যাই হোক সম্পৃক্ত ছিলেন বা আছেন। কুমুদিনীর সেবামূলক কর্মকাণ্ড দেশব্যাপী, নির্দিষ্ট একটা অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ নয়।

প্রতিযোগিতামূলক বাজারে কেউ টিকবে, কেউ টিকবে না কিন্তু কুমুদিনী একটি পরীক্ষিত প্রতিষ্ঠান। দিন দিন এর strength বাড়ছে। এমপিও , এরিয়া ম্যানেজার, রিজিওনাল ম্যানেজার, জোনাল হেডদের বলছি, আপনারা কোম্পানির জন্য আরও আত্মনিবিষ্ট হোন তাহলে it will take no time to change the situation of the company। মনে রাখবেন কোম্পানির উন্নতির ডাইরেক্ট বেনিফিশিয়ারি কিন্তু আপনারাই।

গত তিন মাসে মার্কেটিংয়েরে ক্ষেত্রে আমরা একটা অগ্রগতি দেখলাম। সকল সূচক আমাদের ইতিবাচক। ড্রপ আউট কমেছে, রিক্রুটমেন্ট বেড়েছে। একটা আশার সঞ্চার হয়েছে। আপনারা বর্তমান বছরটাকে একটা চ্যালেঞ্জ হিসাবে নিন। আমার বিশ্বাস টপ রেঙ্কিং কোম্পানিতে উন্নীত হতে আমাদের বেশি একটা সময় লাগবে না।

In his inaugural address CEO of KPL Mr Alik Krishna Roy spoke of the difficulties that Kumudini Pharma faced during the 2-year long Covid period. In spite of the difficulties, we had been able to progress well. As per the commitment that we made we had been able to arrange this annual conference at Cox's Bazar.

Shortly KPL is going to declare a new policy which will surely benefit the employees.

After the end of speeches and discussion Performance Award-2022 and Objective-2023 was declared. For successful contribution in sales, 10 individuals from MPO/SMPO, 3 Area Managers and 1 RSM have been selected for foreign trip. ●



***Left:** RSM of the Year Mr Md Ziaul Haque of Gazipur Region receiving performance award. **Right:** Mr Md Jahid Hossain of Savar Region who was declared AM of the Year receiving performance award. Mr Alik Krishna Roy, CEO, KPL is seen distributing awards.*

কোম্পানির সিইও অলিক কৃষ্ণ রায় তাঁর সংক্ষিপ্ত উদ্বোধনী ভাষণে বলেন, – করোনার পর থেকে আমাদের সেল্‌স এবং মার্কেটিংয়ের সমস্ত কর্মকাণ্ড সীমিত হয়ে যায়। একদিন আমাদের মাননীয় এমডি মহোদয় আমাকে ডেকে বললেন যে, এভাবে তো চলতে পারে না। আলোচনা করে নতুন কিছু একটা চিন্তা-ভাবনা করেন যাতে সেল্‌স এবং মার্কেটিংয়ের লোকজন inspired হয়। তার এই নির্দেশের প্রেক্ষিতে, আপনাদের মনে আছে, গত ২২শে অক্টোবর এরিয়া ম্যানেজার, আরএসএম-দের নিয়ে আমরা একটা মিটিং করি। এমপিও-রা যারা আছেন তারাও অবগত আছেন যে, ৬ মাস আমি আপনাদের কিছুই দিতে পারব না, আপনারা কাজ করতে রাজি আছেন কিনা এই মর্মে আপনাদের মতামত জানতে চাই। আপনারা সবাই আমাকে একবাক্যে বলেছিলেন যে, আপনি নির্দেশ দিলে অবশ্যই করবো। পরে সেই মিটিংয়ে আমরা তিন মাসের পরিকল্পনা নিয়ে কাজ করার সিদ্ধান্ত নেই। আপনাদের commitment-এর প্রেক্ষিতে আমরা কক্সবাজারে কনফারেন্স করার সিদ্ধান্ত নেই। দ্বিতীয়ত পরবর্তী তিন মাসের performance-এর ওপর ঈদ বোনাস দেয়া যাবে একথাও জানানো হয়। যাই হোক, আমাদের আরও চিন্তাভাবনা আছে, প্ল্যান আছে। পরবর্তী সময়ে তা ঘোষণা করা হবে। আপনারা জানতে পারবেন।

বক্তৃতা আলোচনা ইত্যাদির আনুষ্ঠানিকতা শেষে Performane Award-2022-এবং Objective-2023 ঘোষণা করা হয়।

*(বাকি অংশ ১২ এর পাতায় দেখুন)*

# কুমুদিনীর হ্যান্ডিক্র্যাফ্‌টস আয়োজিত জামদানি ও নক্‌শি পণ্যের প্রদর্শনী

# Kumudini Arranges Exhibition of Jamdani and Nakshi Items



*The Management and some of the distinguished participants in the exhibition.*

গত ২৪শে ফেব্রুয়ারি নারায়ণগঞ্জে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রধান কার্যালয়ে কুমুদিনী হ্যান্ডিক্র্যাফ্‌টস এর পক্ষ থেকে বাংলার ঐতিহ্য জামদানি ও নক্‌শি পণ্যের একটি প্রদর্শনীর আয়োজন করা হয়।

সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত আয়োজিত এই প্রদর্শনীতে দেশ-বিদেশের অতিথিবৃন্দ অংশগ্রহণ করেন। তাদের মধ্যে কয়েকটি দেশের কুটনীতিকগণ ছিলেন। ছিলেন বিদায়ী ব্রিটিশ হাইকমিশনার মান্যবর Robert Chatterton Dickson.

আয়োজিত অনুষ্ঠানে জামদানি-নক্‌শি পণ্যের বিষয় ছাড়াও অতিথিদের কুমুদিনী ট্রাস্ট সম্পর্কিত একটি ভিডিও দেখানো হয়। অতিথিবৃন্দ কুমুদিনী ট্রাস্টের বিভিন্ন কার্যক্রম দেখেন। বিশেষ করে কুমুদিনী হ্যান্ডিক্র্যাফ্‌টস এর জামদানি ও নক্‌শি পণ্য তৈরির কার্যক্রম প্রত্যক্ষ করে তাঁরা ভূয়সি প্রশংসা করেন। কেউ কেউ প্রদর্শিত পণ্য ক্রয়ও করেন। উল্লেখ্য, অতিথিবৃন্দদের প্রত্যেককে মধ্যাহ্ন ভোজে আপ্যায়ন করা হয়। ●

On 24 February 2023 an exhibition of traditional Bengali Jamdani and Nakshi items was held at Kumudini Trust campus in Narayanganj. The exhibition continued from 10 AM to 2 PM and was attended by guests from home and abroad. A number of foreign diplomats also attended which included the departing British High Commissioner Robert Chatterton Dickson.

On this occasion a corporate video clip on Kumudini Welfare Trust was screened. The guests went round and observed the activities of the Trust. They showed keen interest in the products made by Kumudini Handicrafts. The programme ended with lunch being served. ●



*Guests going round the stalls of Jamdani and other products of Kumudini Handicrafts.*

Kumudini CARES

# আর পি সাহার স্ত্রী কিরণবালা সাহার মৃত্যু দিবস পালিত

গত ১২ই ফেব্রুয়ারি দানবীর রণদা প্রসাদ সাহার দক্ষিণ হস্তরূপী সহধর্মিনী কিরণবালা সাহার ৩৪তম মৃত্যু বার্ষিকী পালিত হয়। ১৯৮৯ সালের এই দিনে তিনি দেহত্যাগ করেন।

তাঁর স্মরণে মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতনে প্রার্থনা সভা, আলোচনা ও সঙ্গীতাঞ্জলির আয়োজন করা হয়। দুপুরে রণদা প্রসাদের নিজ বাড়িতে সংকীর্তন, পূজা ও জনগণের মাঝে প্রসাদ বিতরণ করা হয় এবং তাঁর বিদেহী আত্মার পরম শান্তি কামনা করা হয়। ●



*Mrs Kiron Bala Shaha.*

# Death Anniversary of Kiron Bala Shaha Observed

The 34th death anniversary of Mrs Kiron Bala Shaha was observed on 12th February 2023. She passed away on this day in 1989. In her remembrance prayers, discussion and musical show was arranged. At the ancestral home of R P Shaha puja was arranged at noon followed by distribution of prasad among the attendees. Prayers were offered for the salvation of the soul. ●

# Annual Sports & Cultural Week of KWMC




*VC of Dhaka University Prof Dr Md Akhtaruzzaman at Kumudini Complex, Mirzapur. He was the chief guest on the concluding day of Annual Sports & Cultural Week-2022 arranged by Kumudini Women's Medical College (KWMC).*

# শ্রদ্ধা ও ভালোবাসায় কুমুদিনীতে বঙ্গবন্ধুর জন্মদিন পালিত

১৭ই মার্চ ছিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান-এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস। এই উপলক্ষ্যে নারায়ণগঞ্জে আর পি সাহা বিশ্ববিদ্যালয়, মির্জাপুরে ভারতেশ্বরী হোম্‌স, কুমুদিনী মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং কুমুদিনী নার্সিং কলেজে শ্রদ্ধা ও ভালোবাসায় নানা কর্মসূচির আয়োজন করা হয়। এইসব কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আনন্দ র‍্যালি, আলোচনা সভা ও জন্মদিনের কেক কাটা।

আলোচ্য প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে দিবসটি অত্যন্ত মর্যাদার সঙ্গে উদ্‌যাপিত হয়। ●



*Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman.*

# Birth Anniversary of Bangabandhu Observed

17th March was the birth anniversary of the father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman and also Children's Day. To mark the occasion different programmes were chalked out by R P Shaha University at Narayanganj, Bharateswari Homes, Kumudini Women's Medical College, and Kumudini Nursing College at Mirzapur. The programme included laying of floral wreaths at the likeness of Bangabandhu, rally, discussion and cutting of birthday cake.

All the officers and employees of different units of Kumudini both at Narayanganj and Mirzapur participated in the celebration. ●



*Laying floral wreath at the statue of Bangabandhu **(above)** at Kumudini Comlex, Mirzpur Nursing students rendering patriotic songs **(below)**.*




*Voluntary Blood Donation at KWMCH on the birth anniversary of Bangabandhu.*



*Placing floral wreath on portrait of Bangabandhu at R P Shaha University Campus.*

# জাপানী রাষ্ট্রদূতের মির্জাপুর কমপ্লেক্স পরিদর্শন

# Ambassador of Japan Visits Kumudini Complex at Mirzapur




*Ambassador of Japan Mr Iwama Kiminori and his wife Mrs Iwama Tomomi with MD of KWT and others.*

ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত মান্যবর Iwama Kiminori ও তাঁর স্ত্রী Iwama Tomomi ১লা এপ্রিল মির্জাপুরের কুমুদিনী কমপ্লেক্সে এক শুভেচ্ছা সফরে যান। তাঁরা জাপান সরকারের আর্থিক সহায়তায় কুমুদিনী হাসপাতাল প্রাঙ্গণে নির্মিত মেডিকেল অক্সিজেন গ্যাস প্ল্যান্টটি পরিদর্শন করেন। তাঁদের পরিদর্শনের অন্যান্য স্থাপনাগুলির মধ্যে ছিল কুমুদিনী হাসপাতাল, কুমুদিনী নার্সিং কলেজ, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, ভারতেশ্বরী হোমস ও দানবীর শহীদ রণদা প্রসাদ সাহার গ্রামের বাড়ি। তাঁদের আগমনে সমগ্র কমপ্লেক্স আনন্দমুখর হয়ে ওঠে।

তাঁদের সফরের সময় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ম্যানেজিং ডাইরেক্টর রাজীব প্রসাদ সাহা ও ট্রাস্টের অঙ্গ প্রতিষ্ঠানগুলির প্রধানগণ উপস্থিত ছিলেন। ●

The ambassador of Japan in Bangladesh Mr Iwama Kiminori and his wife Mrs Iwama Tomomi made a courtesy visit to Kumudini Complex, Mirzapur on 1$^{st}$ April 2023. They visit ed the Central Oxygen Plant which has been set up at Kumudini Hospital with financial assistance from the Govt of Japan. They also went round Kumudini Hospital, Kumudini Nursing College, Kumudini Women's Medical College, Bharateswari Homes and the ancestral home of R P Shaha which is across the Lauhojong river.

Managing Director of Kumudini Welfare Trust along with the heads of the different units of Kumudini accompanied the guests during the visit.●



*Ambassador of Japan is going round Kumudini Hospital during his visit.*

# মহান ২১শে ফেব্রুয়ারি

## শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত

### মির্জাপুর

এই মহান দিবসটি উদ্‌যাপনের প্রথম পর্যায়ে ২১শে ফেব্রুয়ারির সূচনা লগ্নে মধ্যরাতে ১২টা ১ মিনিটে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের ছাত্রী-শিক্ষকদের একটি মিলিত প্রভাত ফেরী 'আমার ভায়ের রক্তে রাঙ্গানো একুশে ফেব্রুয়ারি' এই অমর সঙ্গীতটি গাইতে গাইতে ক্যাম্পাস প্রদক্ষিণ করে এবং সেটি ভারতেশ্বরী হোম্‌সের শহিদ মিনারে শেষ হয়।

দিবসের প্রত্যুষে হোম্‌স প্রাঙ্গণে, কুমুদিনী হাসপাতালের প্রধান ফটকে এবং কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ প্রাঙ্গণে অর্ধনমিত অবস্থায় জাতীয় পতাকা ও কালো পতাকা উত্তোলন করা হয়।



*MD of KWT Mr Rajiv Prasad Shaha in a discussion & cultural programme at Bharateswari Homes.*

শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন একুশে পদকপ্রাপ্ত ভাষা সৈনিক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের এমডি রাজীব প্রসাদ সাহা, হোম্‌সের অধ্যক্ষা মন্দিরা চৌধুরী এবং ছাত্রী-শিক্ষকবৃন্দ।

কুমুদিনী হাসপাতালের প্রধান ফটকে এই প্রতিষ্ঠানের পরিচালক ডা. প্রদীপ কুমার রায় কর্তৃক জাতীয় পতাকা উত্তোলনের সময় ডাক্তার ও সিস্টারগণ উপস্থিত ছিলেন।

কুমুদিনী নার্সিং কলেজের ছাত্রীরা ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন করেন। এই সময় উপস্থিত ছিলেন কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষ সিস্টার রীনা ক্রুশ, কুমুদিনী হাসপাতালের মেট্রন সিস্টার দীপালি পেরেরা এবং হাসপাতালের ডাক্তার ও সেবিকাবৃন্দ।

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ প্রাঙ্গণে অধ্যক্ষ প্রফেসর ডা. এম এ হালিম কর্তৃক জাতীয় পতাকা উত্তোলনকালে কলেজের শিক্ষক ও ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

দিবসটি উপলক্ষ্যে ভারতেশ্বরী হোম্‌সে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের আলোচনা পর্বে অংশগ্রহণ করেন রাজীব প্রসাদ সাহা, প্রতিভা মুৎসুদ্দি, হোম্‌সের উপদেষ্টা শম্পা সাহা, হোম্‌সের অধ্যক্ষা মন্দিরা চৌধুরী এবং নবীন প্রজন্মের রুদ্র, ঋদ্ধি ও রাহী।

### নারায়ণগঞ্জ

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে নারায়ণগঞ্জের শীতলক্ষ্যায় অবস্থিত আর পি সাহা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২৮শে ফেব্রুয়ারি এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভার শুরুতে সকল ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে এক মিনিট নিরবতা পালন করা হয়।

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের পটভূমি এবং বাংলা ভাষার গুরুত্ব নিয়ে আলোচনা করেন বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক নাইমা ইসলাম নদী, কলা ও সমাজ বিজ্ঞান অনুষদ ডিন অধ্যাপক ড. রবিউল হোসেইন এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রবীন্দ্র নাথ শীল। আলোচনা সভার সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়।

আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইন ও মানবাধিকার বিভাগের প্রভাষক নিলাদ্রী পাইক।

# 21st February

## Shaheed Day & International Mother's Language Day

### Mirzapur

In the early hours of 21st February at 1 minute past 12 the teachers and students residing in Kumudini Complex, Mirzapur brought out a rally singing the famous song "Aamar Bhaiyer Rokte Rangano". The rally went round the campus and terminated at Bharateswari Homes.

At sunrise the national flag was raised at half-mast along with a black flag to show respect to the memory of those who sacrificed their lives for establishment of Bangla as a state language.

Floral wreaths were placed at the Shaheed Minar by recipient of Akushe Padak Ms Protiva Mutsuddy, Managing Director of Kumudini Welfare Trust Mr Rajiv Prasad Shaha and Principal of Bharateswari Homes Mrs Mondira Chowdhury. Director of Kumudini Hospital Dr P K Roy raised the flag at the main gate of the hospital in presence of the doctors and nurses. Students of Nursing College sang patriotic songs in presence of the Principal of the Kumudini Nursing College Sister Rina Cruze, Matron of Kumudini Hospital Sister Dipali Pererra, doctors and nurses. Principal of Kumudini Women's Medical College raised the national flag at the college premises in presence of the doctors and students.

On this occasion Bharateswari Homes arranged different programmes. In the discussion meeting Mr Rajiv Prasad Shaha, Ms Protiva Mutsuddy, Mrs Shampa Shaha, Mrs Mondira Chowdhury spoke. From the new generation Rudra, Reedhi and Rahi also participated in the discussion.

### Narayanganj

A discussion meeting was arranged at the campus of R P Shaha University on 28 February in celebration of Shaheed Day & International Mother Language Day: 2023. At the beginning one minute of silence was observed in memory of those who made the supreme sacrifice.

Dean of the faculty of Social Science Dr Rabiul Hossain, Treasurer of the university Dr Rabindra Nath Shil and lecturer of various departments spoke on the background and importance of Shaheed Day & International Mother language Day. The discussion meeting was presided over by the Vice Chancellor Dr Manindra Kumar Roy. The meeting was participated by the teachers, students, officers and employees of the university.

# বিশিষ্ট শিক্ষাবিদ প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দির 'আদর্শ শিক্ষক সম্মাননা' অর্জন

# Eminent Educationist Protiva Mutsuddy awarded 'Ideal Teacher Honour'



*Ms Protiva Mutsuddy and `Ideal Teacher Honour-2022' distribution ceremony.*

ভারতেশ্বরী হোম্‌সের সাবেক প্রিন্সিপাল এবং কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক (প্রশাসন) প্রতিভা মুৎসুদ্দিকে এথিক্স ক্লাব বাংলাদেশ সোসাইটি কর্তৃক 'আদর্শ শিক্ষক সম্মাননা-২০২২' প্রদান করা হয়েছে।

গত ২৫শে জানুয়ারি ঢাকায় জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে ঢাকা মহানগরের বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীর উপস্থিতিতে এই সম্মাননা প্রদান করা হয়। শারীরিক অসুস্থতার কারণে প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি। তাঁর পক্ষ থেকে পুরস্কার গ্রহণ করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক ও ভারতেশ্বরী হোম্‌সের উপদেষ্টা শম্পা সাহা। ●

Ethics Club Bangladesh Society has presented Ms Protiva Mutsuddy, Former Principal of Bharateswari Homes and Director of Kumudini Welfare Trust with 'Ideal Teacher Honour-2022'.

The award was handed over in presence of students from different schools, colleges and universities. The ceremony took place at the National Museum auditorium Dhaka on 25 January 2023. Ms Protiva Mutsuddy could not be present due to health issues. On her behalf the award was received by Mrs Shampa Shaha, Director of Kumudini Welfare Trust. ●

## ১৯তম কনফারেন্স

*(৬ এর পাতার পর)*

Performane Award পর্বটি পরিচালনা করেন কোম্পানির চার জোনাল হেড বোরহান উদ্দিন খন্দকার, রতন কুমার সাহা, তসলিম হোসেন ও সিদ্ধার্থ শংকর সাহা।

২০২২ সালে সেল্‌সের ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদান স্বরূপ বিদেশ ভ্রমণের জন্য নির্বাচিত হয়েছেন এমপিও/এসএমপিও পর্যায়ে ১০ জন, এরিয়া ম্যানেজার পর্যায়ে ৩ জন এবং আরএসএম পর্যায়ে ১ জন।

বিদেশ ভ্রমণের জন্য নির্বাচিত এমপিও-রা হলেন : নারায়ণগঞ্জ "এ" অঞ্চলের মো: আইউব আলী ও নারায়ণগঞ্জ "বি" অঞ্চলের মো. আবু সালাম; সাভার অঞ্চলের আইনুল হক, মো. রাজু আহমেদ ও মো. তাজরুল ইসলাম; রাজশাহী অঞ্চলের শুকদেব চন্দ্র নাথ; টাঙ্গাইল অঞ্চলের আবু সাঈদ, মো. আরিফুল ইসলাম ও নাছির এবং চট্টগ্রাম "এ" অঞ্চলের মো. রেজাউল করিম। বর্ষসেরা এমপিও নির্বাচিত হয়েছেন নারায়ণগঞ্জ "এ" অঞ্চলের মো. আইয়ুব আলী, প্রথম রানার-আপ সাভার অঞ্চলের আইনুল হক এবং দ্বিতীয় রানার-আপ রাজশাহী অঞ্চলের শুকদেব চন্দ্র নাথ।

বিদেশ ভ্রমণের জন্য নির্বাচিত এরিয়া ম্যানেজার-রা হলেন :

সাভার অঞ্চল থেকে মো. জাহিদ হোসেন (বর্ষসেরা এরিয়া ম্যানেজার) এবং টাঙ্গাইল অঞ্চল থেকে মো. গিয়াসউদ্দিন (রানার-আপ)।

আরএসএম-দের মধ্য থেকে একমাত্র বিদেশ ভ্রমণের সুযোগ লাভ করেছেন গাজীপুর অঞ্চলের মো. জিয়াউল হক (বর্ষসেরা আরএসএম)।

তাছাড়া সেল্‌স-এর ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য বিভিন্ন অঞ্চলের ৫ জনের প্রত্যেককে নগদ ১০ হাজার টাকা করে পুরস্কৃত করা হয়েছে। পুরস্কার প্রাপ্তরা হলেন সাভার অঞ্চলের মো. দিদারুল ইসলাম তুহিন ও মো. তাইনুল ইসলাম; নোয়াখালি অঞ্চলের অমর সাহা সাগর; চট্টগ্রাম "এ" অঞ্চলের সুভাষ চন্দ্র দাস এবং কক্সবাজার অঞ্চলের মিসবাহ উদ্দিন। এরিয়া ম্যানেজারদের মধ্যে যে দু'জনের উভয়ে ১৫ হাজার টাকা করে নগদ অর্থে পুরস্কৃত হয়েছেন তারা হলেন নারায়ণগঞ্জ "এ" অঞ্চলের মো. মেরাজ হোসেন এবং ময়মনসিংহ "বি" অঞ্চলের রেজাউল করিম। আরএসএম-দের মধ্যে ২০ হাজার টাকা নগদ অর্থ পুরস্কার লাভ করেন ময়মনসিংহ "বি" অঞ্চলের স্বপন কুমার রায়।

মধ্যাহ্ন বিরতির পর জোনাল হেড-দের পরিচালনায় র‍্যাফেল ড্র প্রতিযোগিতা শেষে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করা হয়। ●



*Namaz on the occasion of Eid-ul-Fitr* ***(above)*** *and distribution of festive food among the patients undergoing treatment at Kumudini Hospital* ***(below).***

## আর পি সাহা বিশ্ববিদ্যালয় সংবাদ

## R P Shaha University News




*Freshers' Reception.*

### নবীনবরণ

২৭শে ফেব্রুয়ারি সম্পন্ন হলো 'স্প্রিং-২০২৩' সেমিস্টারের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান। বিশ্ববিদ্যালয়ের উন্মুক্ত সবুজ ক্যাম্পাসে উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন ইউজিসি'র সদস্য অধ্যাপক ড. মো. আবু তাহের।

এতে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কলা ও সমাজ বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ড. রবিউল হোসেইন এবং ট্রেজারার অধ্যাপক ড. রবীন্দ্রনাথ শীল। স্বাগত বক্তব্য রাখেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক এ কে জুনায়েদ আহমেদ।

অনুষ্ঠানে শিক্ষার্থী, অভিভাবক ও অতিথিদের পদচারণায় ক্যাম্পাস মুখরিত হয়ে ওঠে। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সিএসই বিভাগের সহকারি অধ্যাপক মো. আসাদুজ্জামান। ●

### Freshers' Reception

Freshers' reception for the students of Spring-2023 session was held at the university campus on 27 February. Dr M Abu Taher, Member of the UGC was the chief guest. The programme was presided over by the Vice Chancellor Dr Manindra Kumar Roy. The address of welcome was delivered by Mr A K Junaid Ahmad, Associate Prof Dept of English. Dean of the Faculty of Social Science Dr Rabiul Hossain and Treasurer Dr Rabindra Nath Shil also spoke on the occasion.

The programme was enthusiastically participated by the new students, their parents, guardians and the invited guests. The programme was conducted by Mr Mohammed Asaduzzaman, Associate Prof Dept of CSE. ●

### বসন্তবরণ ও পিঠা উৎসব

বিপুল উৎসাহ উদ্দীপনা ও বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাব আয়োজিত এই উৎসব উপলক্ষ্যে ক্যাম্পাসটি সেজেছিল এক বর্ণিল সাজে। সকলের পদচারণায় ক্যাম্পাসটি ছিল মুখরিত।

অনুষ্ঠানের উদ্বোধন করেন একাত্তর টিভির প্রধান সম্পাদক মোজাম্মেল হক বাবু। স্বাগত বক্তব্য দেন উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়। বিশেষ অতিথিদের মধ্যে ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান ও শিক্ষা মন্ত্রণালয়ের প্রাক্তন যুগ্ম সচিব অধ্যাপক শ্যামাপ্রসাদ বেপারী। ●

### Spring Festival & Pita Utsab

Cultural Club of the university arranged Spring Festival & Pita Utsab which was enthusiastically participated by all students, teachers, officers and employees. The university campus was tastefully decorated for this purpose.

The programme was inaugurated by Chief Editor of Ekattor TV Mr Mozammel Haq Babu. The welcome address was delivered by the Vice Chancellor Dr Manindra Kumar Roy. Adviser Health & Education of Kumudini Welfare Trust Mr Abu Alam Md Shahed Khan and Joint Secretary, Ministry of Education Prof Shyama Prasad Bepari were the special guests. ●




*Hon'ble guests and organizers of the Fest.*

## প্রথম আলো বন্ধুসভার নয়া কমিটির অভিষেক ও তাদের জনকল্যাণমূলক কর্মকাণ্ড



*__Left:__ Existing members of 'Prothom Alo Bandhu Sabha'. __Right:__ They organized an 'Ifter Party' during Ramadan as a part of social service for the underprivileged children at Chashara in Narayanganj city.*

২১শে জানুয়ারি ক্যাম্পাসে আরপিএসইউ প্রথম আলো বন্ধুসভার নবগঠিত কমিটির অভিষেক ও নেতৃত্ব বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

নবগঠিত কমিটির সভাপতি হচ্ছেন সাব্বির ইসলাম রাফি, সহ-সভাপতি অনিক কুমার দাস ও সাধারণ সম্পাদক আলো আক্তার। ফিতা কেটে উপাচার্য মহোদয় অভিষেক অনুষ্ঠানের উদ্বোধন করেন। এতে উপস্থিত ছিলেন প্রথম আলো বন্ধুসভার জাতীয় পরিচালনা পর্ষদের সভাপতি উত্তম রায়, সাধারণ সম্পাদক জাফর সাদিক, ঢাকা মহানগর কমিটির সভাপতি হাসিনা মোস্তাফিজ, জেন্ডার ও সমতা বিষয়ক সম্পাদক রোমানা পাপড়ি এবং ঢাকা মহানগর কমিটির বইমেলা সম্পাদক মেঘা খেতান। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়।

বন্ধুসভা তাদের 'সহমর্মিতার ঈদ' কর্মসূচি উপলক্ষ্যে ১৫ই এপ্রিল সুবিধাবঞ্চিত শিশুদের নিয়ে ইফতার মাহফিলের আয়োজন করে। কর্মসূচি অনুযায়ী ঐদিন বিকালে নারায়ণগঞ্জের চাষাঢ়ায় বন্ধুসভার সদস্যরা সুবিধাবঞ্চিত শিশুদের ভ্রাম্যমাণ স্কুল 'লাল সবুজের পতাকা'য় উপস্থিত হয়ে ইফতার কর্মসূচি পালন করে। বন্ধুদের পেয়ে শিশুরা উচ্ছ্বসিত হয়। আনন্দ ও হাসিতে মুখরিত হয়ে পুরো প্রাঙ্গণ। ●

### স্বাধীনতা দিবস

বিশ্ববিদ্যালয়ে প্রতি বছরের মতো এবারও যথাযথ মর্যাদার সাথে বাংলাদেশের মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপিত হয়। এবার ছিল ৫৩তম স্বাধীনতা দিবস।

এই উপলক্ষ্যে ২৭শে মার্চ ক্যাম্পাসে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভার প্রধান আলোচক ছিলেন গবেষক, কলাম লেখক, ইতিহাসবিদ ও বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলো অধ্যাপক ড. মমতাজ উদ্দিন পাটোয়ারী। তিনি তাঁর আলোচনায় স্বাধীনতাপূর্ব বাংলাদেশের ইতিহাস এবং আমাদের স্বাধীনতা সংগ্রামে বঙ্গবন্ধুর আত্মত্যাগ ও অবদানের কথা বিশেষভাবে উল্লেখ করেন।

সভায় কুমুদিনী ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. রবীন্দ্রনাথ শীল, বিভিন্ন বিভাগের ডীন, শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আইন ও মানবাধিকার বিভাগের প্রভাষক মধুরিমা গুহ নিয়োগী। ●

### Independence Day

As in other years the university celebrated 53rd Independence Day of Bangladesh. A discussion meeting was arranged on 27 March at the university campus. The meeting was presided over by the Vice Chancellor Prof Dr Manindra Kumar Roy. The main discussant was researcher, writer, columnist, historian & Bangabandhu Sheikh Mujib fellow Prof Dr Momtaz Uddin Patwary. In his discussion Prof Patwary highlighted contribution and sacrifices of Bangabandhu before independence and during the liberation struggle.

In the meeting Adviser Health & Education of Kumudini, Mr Abu Alam Md Shaheed Khan, Treasurer of RPSU Prof Dr Rabindranath Shil, Deans of differ faculties, students, teachers, officers and employees were present. ●



*Prof Dr Momtaz Uddin Patwary discussing as the main speaker on the occasion.*

# ভারতেশ্বরী হোম্‌স সংবাদ

# Bharateswari Homes News

## যুব গেম্‌সের উদ্বোধনী অনুষ্ঠানে ভারতেশ্বরী হোম্‌স আমন্ত্রিত

## Bharateswari Homes Invited In Youth Games




*Hon'ble Prime Minister Sheikh Hasina inaugurating 'Sheikh Kamal 2nd Bangladesh Youth Games'.*

গত ২৬শে ফেব্রুয়ারি সন্ধ্যায় ঢাকা আর্মি স্টেডিয়ামে শেখ কামাল দ্বিতীয় বাংলাদেশ যুব গেম্‌সের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনূর্ধ্ব-১৭ বয়সের ক্রীড়াবিদদের জন্য এই গেম্‌সের আয়োজন।

দুই ঘন্টাব্যাপী জাঁকজমকপূর্ণ এই উদ্বোধনী অনুষ্ঠানে ভারতেশ্বরী হোম্‌সসহ নির্বাচিত কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানকে আমন্ত্রণ জানানো হয়েছিল।

জাতীয় সঙ্গীত পরিবেশনার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। অ্যাথলেটদের শপথ গ্রহণ শেষে শহীদ আনোয়ার উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা মনোমুগ্ধকরা নৃত্য পরিবেশন করে। আর্মি স্কুল অফ ফিজিক্যাল ট্রেনিং এ্যান্ড স্পোর্টস দলের সৈনিকদের ডিসপ্লে ছিল আকর্ষণীয়।

সর্বশেষ আকর্ষণ ছিল ভারতেশ্বরী হোম্‌সের চৌকস ছাত্রীদের নয়নাভিরাম পাইপ ব্যান্ড ও ডিসপ্লে। তাদের ডিসপ্লেতে কখনো ফুটে উঠেছে 'ওয়েলকাম', কখনো 'নৌকার প্রতিকৃতি', কখনো 'সাগরের উত্তাল ঢেউ' আবার কখনো বা 'জাতীয় স্মৃতি সৌধ'। হোম্‌সের পরিবেশনার সময় স্টেডিয়ামের মুগ্ধ দর্শকবৃন্দ মুহুর্মুহু করতালির মাধ্যমে ক্রীড়াঙ্গন মুখরিত করে তোলে। ●

In the evening of 26 February Hon'ble Prime Minister Sheikh Hasina inaugurated Sheikh Kamal 2nd Bangladesh Youth Games at Dhaka Army Stadium. This game was for participants who are below 17 years of age.

In the two hour long colourful inauguration ceremony only a few institutions including Bharateswari Homes was invited. The programme started with the rendering of the national anthem. Following oath taking by the participants students of Shaheed Anwar Girls' High School presented dance. Soldiers of the Army School of Physical Training & Sports presented an attractive display.

The last attraction was display of pipe band by the students of Bharateswari Homes. The display portrayed boat, waves from the sea and the message of welcome. The spectators applauded the performances of Bharateswari Home's students. ●



*Pipe band **(Left)** and Calisthenics **(Right)** teams of Bharateswari Homes performing at Dhaka Army Stadium.*

# ভারতেশ্বরী হোম্‌সের পঞ্চম শ্রেণির বৃত্তিপ্রাপ্ত ছাত্রীরা

# Studens of Class V of Bharateswari Homes Receives Scholarship




এ বছর ভারতেশ্বরী হোম্‌সের ছয়জন ছাত্রী প্রাথমিক বৃত্তি পেয়েছে। এরা হলো : জান্নাতুল ফেরদৌস, হাসান তারিফা হাসান সোহা, রাফসা আনজুম স্নেহা, তানজিলা আক্তার, ঋদিকা আফরিন ও শুকরিয়া ইসলাম পরী। এদের মধ্যে তিনজন ট্যালেন্টপুলে ও তিনজন সাধারণ গ্রেডে বৃত্তি পেয়েছে।
উল্লেখ্য, ভারতেশ্বরী হোম্‌স থেকে এবার ছয়জন বৃত্তি পরীক্ষায় অংশ নেয় এবং এই ছয়জনই বৃত্তিলাভ করে সকলের প্রশংসা ও আশীর্বাদ লাভ করে। ●

This year six students of Bharateswari Homes received primary scholarships. They are : Jannatul Ferdous, Tarefa Hasan Soha, Rafsa Anjum, Tanjila Akter, Hridika Afrin and Shukria Islam Pari. Three of them got scholarship in talent pool and three in general grade. ●

# উচ্চ মাধ্যমিকে ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীদের কৃতিত্বপূর্ণ ফলাফল

২০২২ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীরা অভূতপূর্ব ফলাফল করে ঐতিহ্যবাহী এই প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি করেছে। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য গ্রুপ সহ ৮৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৯ ছাত্রী জিপিএ ৫ পেয়েছে। এটি একটি রেকর্ড। এর মধ্যে বিজ্ঞানে ৪১ জন, মানবিকে ২৫ জন এবং বাণিজ্যে ৩ জন এই কৃতিত্বের অধিকারী হয়েছে। বিজ্ঞানে ২ জন পেয়েছে গোল্ডেন জিপিএ ৫। পাশের হার শতভাগ। ●

# Commendable Performance in HSC Exam

Students of Bharateswari Homes showed excellent performance in the HSC exam of 2022. Out of 87studentin the Science, Arts and Business group 69 students scored GPA 5. This is a record. Out of those 41 students from Science, 25 from Business and 3 from Arts obtained GPA 5. From Sciene Group 2 students obtained Golden GPA. Percentage of students passed 100%. ●

# কুমুদিনীর শিক্ষা প্রতিষ্ঠানে সরস্বতী পূজা

২৬শে জানুয়ারি শ্রীপঞ্চমী তিথিতে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের শিক্ষার্থীদের আয়োজনে প্রতি বছরের ন্যায় এবারও বিদ্যাদেবী সরস্বতী পূজার আয়োজন করা হয়। ভারতেশ্বরী হোম্‌সের উন্মুক্ত প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে ভারতেশ্বরী হোম্‌সের শিক্ষার্থী ছাড়াও নার্সিং কলেজ, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের শিক্ষার্থী এবং কমপ্লেক্সের আবাসিকগণ দর্শনার্থী হিসাবে উপস্থিত ছিলেন।

# Saraswati Puja at Educational Institutions of Kumudini

On the 26th of January Saraswati Puja was celebrated by the students of all the educational institutions located at Kumudini Complex, Mirzapur. The celebration arranged in the open field of Bharateswari Homes was participated by the students of Bharateswari Homes as well as students of Nursing College and Kumudini Women's Medical College. Those residing within the complex also witnessed the Puja.




*Worshipping the Goddess of Learning Saraswati at Bharateswari Homes' premises.*

মির্জাপুর কমপ্লেক্সের পূজানুষ্ঠানে অতিথি হিসাবে এসেছিলেন মির্জাপুর উপজেলা ও টাঙ্গাইল জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র-শিক্ষকগণ। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা ও শম্পা সাহা প্রমুখের উপস্থিতি আয়োজক শিক্ষার্থীদের খুবই উদ্বুদ্ধ করে।
উল্লেখ্য, ভারতেশ্বরী হোমসের ঐতিহ্য অনুযায়ী কমপ্লেক্সের সরস্বতী পূজায় কোনো পুরোহিতকে দায়িত্ব দেয়া হয় না। ছাত্রীরা নিজেরাই মন্ত্রোচ্চারণের মাধ্যমে পূজা সম্পন্ন করে থাকে।
নারায়ণগঞ্জে আর পি সাহা বিশ্ববিদ্যালয়েও উৎসবমুখর পরিবেশে বিদ্যাদেবীর পূজা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, উপাচার্য, শিক্ষকবৃন্দ এবং প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। ●



*Saraswati Puja at R P Shaha University.*

Guests from Mirzapur district administration, Mirzapur Upazila and teachers-students from Mirzapur Cadet College also joined in the celebration. Presence of the Managing Director of Kumudini Welfare Trust Mr Rajiv Prasad Shaha, Directors MsProtivaMutsuddy, Mrs Srimati Shaha and MrsShmpa Shaha encouraged the students. The Puja rituals are conducted by the students themselves.
Puja was also celebrated at R P Shaha University in Narayanganj. The ceremony was attended by the teachers, students, officers and employees. ●

## কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল) নতুন ওষুধ

## New Medicines of Kumudini Pharma Ltd







সম্প্রতি কেপিএল তাদের প্রস্তুতকৃত দু'টি নতুন ওষুধ বাজারজাত করেছে। ওষুধ দু'টি হলো Ezyout ট্যাবলেট এবং Luzo ক্রিম।
Ezyout ওষুধটি আগে থেকেই তরলরূপে বা ওরাল সলিউশন হিসাবে বাজারে চালু রয়েছে। এবার সেটি ট্যাবলেট আকারে বাজারজাত করা হলো। পুরাতন বা দীর্ঘস্থায়ী কোষ্ঠকাঠিন্যসহ যে কোনো কারণে সৃষ্ট সকল প্রকার কোষ্ঠকাঠিন্য প্রতিকারে এটি সেব্য।
Luzo ক্রিমের মূল উপাদান লূলিকোনাজোল (Luliconazole) হচ্ছে একটি টপিক্যাল এন্টিফাঙ্গাল এজেন্ট। দেহে বিশেষ করে হাতেপায়ের দুই আঙ্গুলের ফাঁকে ছত্রাক সংক্রমণ বা Fungal Infection (চিকিৎসকের ভাষায় interdigital tinea pedis, tinea cruris ও tinea corporis)-এর চিকিৎসায় এই ক্রিমটি ব্যবহারযোগ্য। ●

Very recently Kumudini Pharma had marketed two new medicines. The medicines are Ezyout tablet and Luzo cream. Ezyout has been available as liquid or oral solution before. This time it is being marketed in tablet form. This medicine can be taken as relief for long term constipation.
The main ingredient of Luzo cream is Luliconazole which is a tropical antifungal agent. This cream is used to treat fungal infections that occur in the gaps of fingers and toes. ●

# শোক সংবাদ

## ফার্মার স্টোর অ্যান্ড ভ্যাট ম্যানেজারের অকাল মৃত্যু

কুমুদিনী ফার্মার ফ্যাক্টরির ওয়্যারহাউজে কর্মরত ম্যানেজার (স্টোর অ্যান্ড ভ্যাট) কালী প্রসন্ন পাল গত ১৬ই জানুয়ারি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন। বয়স হয়েছিল প্রায় ৫৪ বছর। তাঁর অকাল মৃত্যুতে আমরা একজন সৎ ও কর্মনিষ্ঠ কর্মকর্তাকে হারালাম।

পরলোকগত কালী প্রসন্ন পাল ২০০১ সালের ২১শে অক্টোবর কুমুদিনীতে ভ্যাট অফিসার হিসাবে যোগদান করেন। পরে তিনি ম্যানেজার (স্টোর অ্যান্ড ভ্যাট) পদে উন্নীত হন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দুই পুত্র সন্তান রেখে যান।

তাঁর মরদেহ টাঙ্গাইলের ভূয়াপুর উপজেলার গ্রামের বাড়ির শ্মশানে দাহ করা হয়। আমরা প্রয়াত কালী প্রসন্ন পালের বিদেহী আত্মার চির শান্তি কামনা করি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি জানাই আমাদের আন্তরিক সমবেদনা।



*Kali Prasanna Pal.*

# Obituary

## Untimely Death of Store & VAT Manager of Kumudini Pharma

Mr Kali Prasanno Pal who was working as the Manager (Stores & VAT) of Kumudini Pharma passed away due to heart attack on 16 January 2023. He was 54 years old. With his death we have lost an honest and hard-working officer.

Mr Pal joined Kumudini Pharma on 21 October 2001 as VAT officer. Later he was promoted t the position of Manager (Stores & VAT). At death he had left behind his wife and two sons.

His mortal remains were cremated at his village home of Bhuapur in Tangail Upazila. We pray for the salvation of the departed soul and pay our deep condolences to the family of the deceased.

## আরপিএসইউ'র অধ্যাপক ড. সুশীল কুমার দাসের প্রয়াণে শোকসভা

## Condolence Meeting at RPSU in Memory of Dr Sushil Kumar Das




*Offering prayer for salvation of the departed soul of Prof Dr Sushil Kumar Das.*

২১শে জানুয়ারি আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ড. সুশীল কুমার দাসের মৃত্যুতে আরপিএসইউ-তে এক শোকসভার আয়োজন করা হয়। এতে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়, কুমুদিনী ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান, ট্রেজারার অধ্যাপক ড. রবীন্দ্রনাথ শীল, সমাজবিজ্ঞান অনুষদের ডিন ড. রবিউল হোসেইন, ইংরেজি বিভাগের প্রধান জুনায়েদ আহমেদ প্রমুখ।

শোকসভার প্রয়াতের বিদেহী আত্মার চিরশান্তি কামনাসহ তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

উল্লেখ্য, অধ্যাপক ড. সুশীল কুমার দাস ১১ই জানুয়ারি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল প্রায় ৬৯ বছর। নওগাঁ জেলার অধিবাসী ড. দাস রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৫ সালে ইংরেজি সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। তিনি পিএইচডি ডিগ্রি অর্জন করেন ভারতের রাঁচি বিশ্ববিদ্যালয় থেকে।

RPSU arranged a condolence meeting in memory of Dr Sushil Kumar Das, Dean of the Faculty of Arts & Social Sciences on 21 January 2023. At the meeting Vice Chancellor Prof Dr Manindra Kumar Roy, Adviser Health & Education of Kumudini Welfare Trust Mr Abu Alam M Shahid Khan, Treasurer Dr Rabindranath Shil, Dean of the Faculty of Social Sciences Dr Rabiul Hossain, Head of the Dept of English Mr Jubaid Ahmed paid rich tributes to Dr Sushil.

At the meeting prayers were offered for the salvation of the departed soul and deep condolences were extended to the family of the deceased.

Dr Sushil passed away on 11 January 2023 due to heart attack. At the time of death, he was 69 years old. Hailing from the district of Naogoan Dr Sushil obtained his honours in English from the University of Rajshahi in 1975. He obtained PhD from the University of Raanch in India.

বর্ণাঢ্য ক্যারিয়ারের অধিকারী বিশিষ্ট এই শিক্ষাবিদ আর. পি. সাহা বিশ্ববিদ্যালয় (আরপিএসইউ)-তে যোগদানের পূর্বে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। তিনি ঢাকা নটরডেম কলেজ, গণবিশ্ববিদ্যালয়, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও ইস্টার্ন ইউনিভার্সিটিতে অধ্যাপনা করেছেন। ●

He had a shining career of serving in different colleges and universities before joining RPSU. He taught at Notre Dame College, Gonobishobidlyo, Daffodil University and Eastern University. ●

## ডা. জাফরুল্লাহ চৌধুরীর ইন্তেকাল : কুমুদিনীর শ্রদ্ধা জ্ঞাপন

বীর মুক্তিযোদ্ধা, বাংলাদেশ ওষুধনীতির অন্যতম প্রণেতা, গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী গত ১১ই এপ্রিল রাজধানীর গণস্বাস্থ্য নগর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮১ বছর। তিনি দীর্ঘদিন কিডনি জটিলতায় ভুগছিলেন। তাঁর জন্ম ১৯৪১ সালে।

ডা. জাফরুল্লাহ চৌধুরীর মরদেহ গত ১৩ই এপ্রিল সর্বস্তরের মানুষের শ্রদ্ধা জানানোর উদ্দেশ্যে কেন্দ্রীয় শহিদ মিনারে নিয়ে যাওয়া হয়। সেখানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা তাঁর মরদেহে পুষ্পস্তবক অর্পণ করে এই বীর মুক্তিযোদ্ধার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। ●




*MD of KWT Mr Rajiv Prasad Shaha laying floral wreath on the coffin of Dr Zafrullah Chowdhury.*

## Dr Zafrullah Chowdhury Passes Away: Kumudini's Respect

Valliant Freedom Fighter, Founder of Gonoshasthya Kendro and Trustee Dr Zafarullah Chowdhury passed away on 11 April 2023 while undergoing treatment at Gonoshasthya Nagar Hospital. He was instrumental in formulating the Drug Policy for Bangladesh. He was suffering from kidney ailments for long. He was born in 1941 and passed away at the age of 81.

His mortal remains were taken to the Shaheed Minar on 13 April 2023 to enable the common people to pay their respects. Managing Director of Kumudini Welfare Trust Mr Rajiv Prasad Shaha laid floral wreath on his coffin and paid his deep respect to the gallant freedom fighter. ●

## প্রবীণ রাজনীতিক পঙ্কজ ভট্টাচার্যের প্রয়াণ কুমুদিনীর শ্রদ্ধা জ্ঞাপন

দেশ বরেণ্য বর্ষীয়ান রাজনীতিক এবং মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক পঙ্কজ ভট্টাচার্য ২৩শে এপ্রিল মধ্যরাতে ঢাকার হেলথ অ্যান্ড হোপ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর। ঐক্য ন্যাপের সভাপতি এই নেতা শ্বাসকষ্টে ভুগছিলেন।

নাগরিক শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে এই বীর মুক্তিযোদ্ধার মরদেহ ২৫শে এপ্রিল বিকালে কয়েক ঘন্টার জন্য কেন্দ্রীয় শহিদ মিনারে রাখা হয়। সেখানে তাঁকে 'গার্ড অব অনার' দেয়া হয়। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষ থেকে শহিদ মিনারে রাখা তাঁর মরদেহে পুষ্পস্তবক অর্পণ করে প্রগতিশীল আন্দোলনের এই নেতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পঙ্কজ ভট্টাচার্যের মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাড়াও বিভিন্ন রাজনৈতিক-সামাজিক-সামাজিক সংগঠনের নেতারা গভীর শোক জানিয়েছেন।

চট্টগ্রামের রাউজান উপজেলার নোয়াপাড়া গ্রামে ১৯৩৯ সালে জন্মগ্রহণকারী এই নেতার মরদেহ রাজধানীর পোস্তগোলা মহাশ্মশানে দাহ করা হয়। তাঁর অন্ত্যেষ্টিক্রিয়ায় সমাজের সর্বস্তরের মানুষজন উপস্থিত ছিলেন। ●




*Placing floral wreath on the coffin of Pankaj Bhattacharya on behalf of KWT.*

## Veteran Politician Pankaj Bhattacharya Passes Away: Kumudinis's Respect

Veteran politician and one of the important organizers of the liberation war Mr Pankaj Bhattacharya passed away on 23 April 2023. He was undergoing treatment at Hope & Health Hospital at Dhaka. He was 84 years old and was suffering from breathing ailments.

To enable the common people to pay their respects his dead body was kept at the Central Saaheed Minar for a few hours on 25 April. Floral wreaths were placed on his coffin on behalf of Kumudini Welfare Trust and prayers were offered for the salvation of the departed soul.

At his death Prime Minister Sheikh Hasina offered her condolences, this also included leaders of political and cultural organizations.

Mr Pankaj was born in Roazan Upazila of Chittagong in 1939. His mortal remains was cremated at Postogola crematorium. ●

# কুমুদিনী হাসপাতাল
## চিকিৎসা পরিসংখ্যান
জানুয়ারি-এপ্রিল : ২০২৩

টিকাদান কর্মসূচি

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| পোলিও | ৫২৮ | ৪৭৯ | ৫৬০ | ৪৬৫ |
| টিটি | ১৫৮ | ১১৭ | ১৫৭ | ১২২ |
| বিসিজি | ১৫৭ | ১৬৫ | ১৫৮ | ১৫৫ |
| রুবেলা | ২৭৭ | ২৩৫ | ২৬৮ | ২৩৫ |
| প্যান্টাভ্যালেন্ট | ৫০৯ | ৪৪০ | ৫৩৩ | ৪৪৬ |
| পিসিভি | ৫০৯ | ৪৪০ | ৫৩৩ | ৪৪৬ |
| এফ, আই, পি, ভি | ৩৩১ | ৩০৮ | ৩৬৪ | ২৮৯ |

হাসপাতালে ভর্তিকৃত রোগী

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| ভর্তি | ৩৬৩৯ | ৩৬৬০ | ৩৮৭৪ | ৩৫০৬ |

বহির্বিভাগে মোট রোগী

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| | ৩৪৮৮৮ | ৪১২৯৪ | ৪০৪৬৯ | ৩২৪৩৪ |

হাসপাতালে মৃত্যু

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| | ১১৪ | ১০৪ | ৯৬ | ১২৩ |

অস্ত্রোপচার পরিসংখ্যান, সার্জারি

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৯৬ | ৯৮ | ১১০ | ৮১ |
| সেমি মেজর | ১৬ | ১৮ | ১১ | ২৩ |
| মাইনর | ৪০৪ | ৪৪৩ | ৩৬৭ | ৩৪৮ |

অর্থোপেডিক্স

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৪০ | ৪৪ | ৪৪ | ৩০ |
| সেমি মেজর | ৫০ | ৩০ | ১৬ | ৩৬ |
| মাইনর | ৩৫৫ | ৩৪০ | ৩২৯ | ২৫৩ |
| প্লাস্টার | ১৪২ | ৯০ | ৯৯ | ৮৫ |
| সি-আর্ম | ১১ | ২৪ | ১৭ | ১ |

নাক, কান, গলা

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৬৪ | ৫৬ | ৬৯ | ৪৪ |
| মাইনর | ৫১ | ৩৯ | ২৭ | ৪১ |

গাইনি

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৪০ | ৫৭ | ৬৪ | ৪৩ |
| সেমি মেজর | ২৯ | ৪৮ | ৫২ | ৪৭ |
| মাইনর | ৫ | ১ | ৩ | ২ |

অবসটেট্রিক্স

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ২৩০ | ১৭৮ | ১৯১ | ১৮৩ |
| স্বাভাবিক | ১৫১ | ১১৬ | ১৪১ | ১০৩ |

চক্ষু

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ১৬১ | ১৮৫ | ১৯৪ | ৮৫ |
| অন্যান্য | ৫৭ | ৩৬ | ৬২ | ২৩ |

দন্ত অপারেশন

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৭২ | ৬০ | ৬ | ৫৬ |
| সেমি মেজর | ২০ | ১১ | ৫৬ | ১৮ |
| মাইনর | ১৭৬ | ১৬৫ | ২২৩ | ১৪২ |

| মাইনর অপারেশন | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| বহির্বিভাগ | ৬৩৫ | ৫২৪ | ৬৩৮ | ৬০২ |

চক্ষু শিবির

| ঠিকানা | মাস/তারিখ | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/১/২০২৩ | ৪০ | ৬৫ | ১০৫ |
| মধুপুর, টাংগাইল | ১৫/১/২০২৩ | ৪০ | ৫৫ | ৯৫ |
| গোড়াই, মির্জাপুর | ২১/১/২০২৩ | ২০ | ১৪ | ৩৪ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/২/২০২৩ | ৬০ | ৮০ | ১৪০ |
| মধুপুর, টাংগাইল | ১৫/২/২০২৩ | ৫০ | ৬০ | ১১০ |
| গেড়ামারা, মির্জাপুর | ২৭/২/২০২৩ | ২০ | ৩০ | ৫০ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৩/২০২৩ | ৫৫ | ৬৫ | ১২০ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৩/২০২৩ | ৪০ | ৫০ | ৯০ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৮/৪/২০২৩ | ৩০ | ৩৯ | ৬৯ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৪/২০২৩ | ২৫ | ১৫ | ৪০ |

# Kumudini Hospital
## Treatment Statistics
January-April : 2023

Vaccination Programme

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Polio | 528 | 479 | 560 | 465 |
| T.T | 158 | 117 | 157 | 122 |
| B.C.G | 157 | 165 | 158 | 155 |
| Robela | 277 | 235 | 268 | 235 |
| Pantavalent | 509 | 440 | 533 | 446 |
| PCV | 509 | 440 | 533 | 446 |
| FIPV | 331 | 308 | 364 | 289 |

Patient Admitted in Hospital

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Admission | 3639 | 3660 | 3874 | 3506 |

Out Patient

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| | 34888 | 41294 | 40469 | 32434 |

Patient Death in Hospital

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| | 114 | 104 | 96 | 123 |

Operation, Surgery

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 96 | 98 | 110 | 81 |
| Semi Major | 16 | 18 | 11 | 23 |
| Minor | 404 | 443 | 367 | 348 |

Orthopaedics

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 40 | 44 | 44 | 30 |
| Semi Major | 50 | 30 | 16 | 36 |
| Minor | 355 | 340 | 329 | 253 |
| Plaster | 142 | 90 | 99 | 85 |
| C-Arm | 11 | 24 | 17 | 16 |

ENT

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 64 | 56 | 69 | 44 |
| Minor | 51 | 39 | 27 | 41 |

Gynae

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 40 | 57 | 64 | 43 |
| Semi Major | 29 | 48 | 52 | 47 |
| Minor | 5 | 1 | 3 | 2 |

Obstetrics

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 230 | 178 | 191 | 183 |
| Normal | 151 | 116 | 141 | 103 |

Eye

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 161 | 185 | 194 | 85 |
| Other | 57 | 36 | 62 | 23 |

Dental Operation

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 72 | 60 | 6 | 56 |
| Semi Major | 20 | 11 | 56 | 18 |
| Minor | 176 | 165 | 223 | 142 |

| Minor Operation | January | February | March | April |
|---|---|---|---|---|
| Out Patient | 635 | 524 | 638 | 602 |

Eye Camp

| Address | Month/Date | Male | Female | Total |
|---|---|---|---|---|
| Fulbaria, Mymensingh | 7/1/2023 | 40 | 65 | 105 |
| Madhupur, Tangail | 15/1/2023 | 40 | 55 | 95 |
| Gorai, Mirzapur | 21/1/2023 | 20 | 14 | 34 |
| Fulbaria, Mymensingh | 7/2/2023 | 60 | 80 | 140 |
| Madhupur, Tangail | 15/2/2023 | 50 | 60 | 110 |
| Geramara, Mirzapur | 27/2/2023 | 20 | 30 | 50 |
| Fulbaria, Mymensingh | 7/3/2023 | 55 | 65 | 120 |
| Madhupur, Tangail | 15/3/2023 | 40 | 50 | 90 |
| Fulbaria, Mymensingh | 8/4/2023 | 30 | 39 | 69 |
| Madhupur, Tangail | 15/4/2023 | 25 | 15 | 40 |

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024 E-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website : www.kumudini.org.bd